# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৭২১

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৭. হায়া বা শরম সম্পর্কে।

## باب فِي الْحَيَاءِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ إِسْحَاقَ بْنِ سُوَيْدٍ، عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ كُنَّا مَعَ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ وَثَمَّ بُشَيْرُ بْنُ كَعْبٍ فَحَدَّثَ عِمْرَانُ بْنُ حُصَيْنٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْحَيَاءُ خَيْرٌ كُلُّهُ " . أَوْ قَالَ " الْحَيَاءُ كُلُّهُ خَيْرٌ " . فَقَالَ بُشَيْرُ بْنُ كَعْبٍ إِنَّا نَجِدُ فِي بَعْضِ الْكُتُبِ أَنَّ مِنْهُ سَكِينَةً وَوَقَارًا وَمِنْهُ ضَعْفًا . فَأَعَادَ عِمْرَانُ الْحَدِيثَ وَأَعَادَ بُشَيْرٌ الْكَلاَمَ قَالَ فَغَضِبَ عِمْرَانُ حَتَّى احْمَرَّتْ عَيْنَاهُ وَقَالَ أَلاَ أَرَانِي أُحَدِّثُكَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَتُحَدِّثُنِي عَنْ كُتُبِكَ . قَالَ قُلْنَا يَا أَبَا نُجَيْدٍ إِيهٍ إِيهٍ .

বাংলা

৪৭২১. সুলায়মান ইবন হারব (রহঃ) ..... আবূ কাতাদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদিন আমি ইমরান ইবন হুসায়ন (রাঃ)-এর নিকট উপস্থিত ছিলাম, আর তখন সেখানে বাশীর ইবন কা’ব (রাঃ) ও উপস্থিত ছিলেন। এ সময় ইমরান (রাঃ) হাদীছ বর্ণনা প্রসঙ্গে বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শরমের সবটুকুই ভাল অথবা লজ্জার সবই উত্তম। তখন বশীর ইবন কা’ব (রাঃ) বলেনঃ আমি কোন কিতাবে পেয়েছি যে, এক ধরনের লজ্জা শান্তি ও সম্মান স্বরূপ এবং কিছু লজ্জা দুর্বলতা ও অক্ষমতার পরিচায়ক। ইমরান (রাঃ) এ হাদীছ আবার উল্লেখ করলে বাশীর (রাঃ)ও তার কথা পুনরায় বলেন। তখন ইমরান (রাঃ) এত রাগান্বিত হন যে, তার চোখ লাল হয়ে যায়। এরপর তিনি বলেনঃ তুমি কি বুঝ না, আমি তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীছ বর্ণনা করছি, আর তুমি এক কিতাবের কথা উল্লেখ করছো? রাবী বলেনঃ এ অবস্থা দেখে আমি ইমরান (রাঃ)-কে বলিঃ হে আবূ নুজায়দ! শান্ত হন, শান্ত হন।

## English

Abu Qatadah said :

We were sitting with `Imran b. Hussain and Bushair b. Ka`b was also there. `Imran b. Hussain reported the Messenger of Allah (ﷺ) as saying: Modesty is good altogether, or he said: Modesty is altogether good. Bushair b. Ka`b said : We find in some books that there is a modesty which produces peace and dignified bearing, and there is a modesty which produces weakness. `Imran b. Hussain repeated the same words. So `Imran became angry so much so that his eyes became red, and he said : Don’t you see that I am transmitting a tradition from the Messenger of Allah (ﷺ) and you are mentioning something from your books? He (Qatadah) said : We said : Abu Nujaid, it is sufficient.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36827

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন